# U.G. 4th Semester Examination - 2021

## BENGALI

### Course Code : BBNGCCHT403

### Course Title : বাংলা উপন্যাস ও ছোট গল্প

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। নিম্নলিখিত যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'তোর দোস্‌রা খবর কি বল্।'— 'দোসরা খবর' টি লেখো।

খ) 'মবারকের বখ্‌শিশের কথাটা এই সময়ে মহারাজাকে স্মরণ করিয়া দিতে হয়।' — মবারক কী বখ্‌শিশ চেয়েছিলেন?

গ) রবীন্দ্রনাথ ঠাকুর 'রাজসিংহ' উপন্যাসটি সম্পর্কে যে ইতিহাসের রসের কথা বলেছেন, তা কোথায় লিখেছেন?

ঘ) 'শুনিয়া প্রথমে নির্ম্মলের বোধ হইল, যেন বুকের উপর পাহাড় ভাঙ্গিয়া পড়িল।' — কেন নির্মলের এরকম বোধ হয়েছিল?

ঙ) এলার বাবার কোন্ বিষয়ে বিলিতি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি ছিল?

চ) 'চার অধ্যায়' উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় থাকার সময় রচনা করেন?

[পরের পাতায়]

ছ) 'চার অধ্যায়' এর প্রথম সংস্করণ কবে প্রকাশিত হয়?

জ) নোটন দাস কবিয়াল কত টাকা দক্ষিণা নিয়ে গ্রামের বাইরে দশ ক্রোশ দূরে গাওনা করতে গিয়েছিল?

ঝ) রাজালাল বায়েনকে তার 'কাঁসিটা' কে কোথা থেকে কিনে দিয়েছিল?

ঞ) নিতাইয়ের মা কিসের লোভে জামাইয়ের বাড়িতে থাকত?

ট) ফুলবানুর বাবার নাম লেখো।

ঠ) 'রতনের আনন্দ আর ধরে না' — রতনের আনন্দের কারণ কী?

ড) 'মরণকালে তাহাকে সে শুধু একটু পায়ের ধুলা দিতে গিয়া কাঁদিয়া ফেলিল।'—কেন 'কাঁদিয়া ফেলিল'?

ঢ) স্টিফান হোরো এই নামটি পরিত্যাগ করে কোন্ নাম সে গ্রহণ করেছিল?

ণ) 'ও বেচারা বৃষ্টি থামতেই ফিরে এসে তোমার খবর দিয়েছে।' —কার খবর দিয়েছে?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'রাজসিংহ' উপন্যাসের মোট কতগুলি সংস্করণ হয়েছিল? প্রথম সংস্করণ কত সালে প্রকাশিত হয়েছিল?

খ) 'এই নাগরেরা, যাও চলে যাও তোমরা।' — কে, কখন বলেছে এই কথা?

গ) নির্মলা ও ললিতার প্রিয়জন কারা ছিল?

ঘ) 'তুমি সমাজের নও, তুমি দেশের।' —ইন্দ্রনাথ এই কথার মধ্যে দিয়ে কাকে কোন্ কাজের প্রতি দায়বদ্ধ করতে চেয়েছেন?

ঙ) 'আমি জিগাই মারামারি কইরা হইব কী।' — মারামারির কারণ লেখো।

চ) 'অভাগীর স্বর্গ' গল্পে কার স্ত্রী সাতদিনের জ্বরে মারা গেলেন? তাঁর ক'টি ছেলে ছিল?

ছ) ভিখু ভিক্ষা করে কী কী সংগ্রহ করেছিল?

জ) 'টোপ' গল্পে রাজাবাহাদুরের চায়ের আয়োজনটি কীরকম ছিল?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'জীবন এত ছোট কেনে?' — প্রাসঙ্গিক উপন্যাসটি অবলম্বনে মন্তব্যটির সার্থকতা সংক্ষেপে আলোচনা করো।

খ) 'রস' গল্পের নামকরণের তাৎপর্য আলোচনা করো।

গ) 'প্রাগৈতিহাসিক' গল্পে প্রাগৈতিহাসিক বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন - তোমার মতামত লেখো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) 'রাজসিংহ' উপন্যাসে উপকাহিনির গুরুত্ব আলোচনা করো।

খ) 'চার অধ্যায়' অবলম্বন করে এলা চরিত্রটি বিশ্লেষণ করো।

গ) 'অভাগীর স্বর্গ' গল্পে সমকালের সমাজ জীবনের যে চিত্র রয়েছে তা আলোচনা করো।

———————